

যায়যায়দিন

১৯৮৪ থেকে

চাঁপাইনবাবগঞ্জে ছাগল ও ভেড়ায় বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান কর্মসূচির উদ্বোধন

প্রকাশ | ০১ অক্টোবর ২০২৪, ১৫:২৪

চাঁপাইনবাবগঞ্জ জেলা
প্রতিনিধি



ছবি : যায়যায়দিন

০১ অক্টোবর ২০২৪ তারিখ থেকে সারা দেশের সাথে চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫ টি উপজেলার সকল ইউনিয়নে একযোগে ছাগল ও ভেড়ায় ভাইরাসজনিত মহামারি পিপিআর রোগের প্রতিরোধে বিনামূল্যে ২য় ডোজ টিকা প্রদান কর্মসূচী শুরু হয়েছে।

এই উপলক্ষে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ সদরের আওতায় চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ১২ নং ওয়ার্ডের চরমোহনপুর এলাকায় এই কর্মসূচীর শুভ উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ গোলাম মোস্তফা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ। বিশেষ অতিথি হিসেবে ডাঃ মোঃ কবীর উদ্দিন আহমেদ, ভেটেরিনারি অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ সদরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ ইয়ামিন আলী।

২০৩০ সালের মধ্যে দেশকে পিপিআর মুক্ত করার লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের পিপিআর রোগ নির্মূল ও ক্ষুররোগ নিয়ন্ত্রণ প্রকল্পের অর্থায়নে এবং জেলা প্রাণিসম্পদ দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ নিবিড় তত্ত্বাবধায়নে চাঁপাইনবাবগঞ্জ সদরসহ সকল উপজেলায় ০১ অক্টোবর থেকে ১৮ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত এই কর্মসূচী বাস্তবায়িত হবে।

আশা করা যাচ্ছে এই কর্মসূচীর মাধ্যমে চাঁপাইনবাবগঞ্জ সদরে ১৬০০০০, শিবগঞ্জে ২১২০০০, গোমস্তাপুরে ১৩৩০০০ নাচোলে ৭৫০০০ এবং ভোলাহাটে ৪০০০০ অর্থাৎ সমগ্র চাঁপাইনবাবগঞ্জ জেলার ৬২০০০০ ডোজ পিপিআর রোগের টিকা ছাগল ও ভেড়ায় বিনামূল্যে ২য় ডোজ প্রদান করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানের আলোচকগণ খামারী-জনসাধারণকে এলাকাভিত্তিক ফ্রি ভ্যাক্সিনেশন ক্যাম্পে উপস্থিত হয়ে নিজেদের ছাগল ও ভেড়ায় টিকা গ্রহণের আহ্বান জানান।

যায়যায়দিন/এসএম

সম্পাদকমন্ডলীর সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী, **ভারপ্রাপ্ত সম্পাদক :** কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পি.এবি.এক্স : ৮৮৭ ০২০৮-১২ মোবাইল: ০১৮৪১-০৪২৫৯৫ রিপোর্টিং : ৮৮৭-০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail: jajaidin24news@gmail.com; jajadi@jjdbd.com

© যায়যায়দিন কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি